



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)

অতীব জরুরি




স্মারক নং-৩৮.০১.০০.০০০০.১৪৩.১১.০০২.২২-২৮৫

তারিখ: ২৮ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ  
২১ মে ২০২২ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

“সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ২০১৯” অনুযায়ী “পোষ্য অর্থ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নিয়োজিত আছেন বা ছিলেন এমন শিক্ষকের অবিবাহিত সন্তান, যিনি উক্ত শিক্ষকের উপর সম্পূর্ণরূপে নির্ভরশীল আছেন বা তিনি জীবিত থাকিলে বা চাকরিতে থাকিলে সম্পূর্ণরূপে নির্ভরশীল থাকিতেন এবং উক্ত শিক্ষকের বিধবা স্ত্রী বা বিপন্ন স্বামী বা তালাকপ্রাপ্ত কন্যা যিনি উক্ত শিক্ষকের উপর সম্পূর্ণরূপে নির্ভরশীল ছিলেন বা, ক্ষেত্রমত, তিনি জীবিত থাকিলে অনুরূপভাবে নির্ভরশীল থাকিতেন।” নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক মৌখিক পরীক্ষার সময় পোষ্য প্রার্থীদেরকে ২৫ অক্টোবর ২০২০ তারিখ পর্যন্ত তিনি পোষ্য ছিলেন মর্মে সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে। কোন প্রার্থী উল্লিখিত সনদ দাখিল করতে ব্যর্থ হলে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার পোষ্য সনদ প্রদানকালে সরেজমিনে যাচাই/তদন্ত করবেন এবং সনদপত্রটি সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। নিয়োগ বিধিতে উল্লিখিত শর্ত লংঘন করে কোন কর্মকর্তা পোষ্য সনদপত্র স্বাক্ষর বা প্রতিস্বাক্ষর করলে সংশ্লিষ্ট কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া কোন প্রার্থী ভুয়া পোষ্য সনদ দাখিল করলে তার প্রার্থিতা সরাসরি বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট শিক্ষক কর্মরত থাকলে তার বিরুদ্ধেও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
আলমগীর মুহম্মদ মনসুরুল আলম  
মহাপরিচালক (গ্রেড-১)  
ফোন: ৫৫০৭৪৭৭৭

ইমেইল: dgprimarybd@gmail.com

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (বিজ্ঞপ্তিটি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. জেলা প্রশাসক (সকল)।
৪. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)।
৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।